গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৭৩

**রাষ্ট্রীয় প্রশাসনের ভিত্তি সুসংহত করতে সরকারি কর্মচারীদের আইন জানতে হবে**
**- তথ্য ও সম্প্রচার সচিব**

রাজশাহী; ০৯ পৌষ (২৪ ডিসেম্বর):

তথ্য ও সম্প্রচার সচিব মাহবুবা ফারজানা বলেছেন, সরকারি কর্মচারীরা শুদ্ধভাবে আইনের জ্ঞান অর্জন করলে সরকারের সুনাম বৃদ্ধি পায় এবং সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠায় তা অনেক সহায়ক হয়। রাষ্ট্রীয় প্রশাসনের ভিত্তি সুসংহত করতে সরকারি কর্মচারীদের আইন জানতে হবে।

আজ ২৪ পৌষ (বুধবার) রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে 'মামলা পরিচালনায় সহায়ক আইনকানুন, এসএফ লেখার কৌশল এবং করণীয়' সংক্রান্ত প্রশিক্ষণে অনলাইনে যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এ প্রশিক্ষণের আয়োজন করে।

সচিব বলেন, সরকারি কর্মচারীদের অত্যাবশ্যক দায়িত্ব হচ্ছে আইনের আওতায় কাজ করা। আইনের বিষয়গুলো মুখস্ত থাকা জরুরি নয়, জরুরি হচ্ছে কোন বইয়ের কোন পাতায় আইনটি আছে তা জানা।

তিনি বলেন, আইনানুগ কাজ করলে আমাদের বিরুদ্ধে মামলা কমে যাবে। সরকারের বিরুদ্ধে যখন মামলা হয় বা সরকারের স্বার্থে আমরা যখন মামলা পরিচালনা করি তখন আইনের জ্ঞান আমাদের জন্য অপরিহার্য। এসময় সচিব মামলা পরিচালনায় সহায়ক আইনকানুন এবং ধাপসমূহ যথার্থভাবে জেনে নিয়ে সে আলোকে নিজ নিজ দায়িত্ব পালনে অংশগ্রহণকারীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার। তিনি বলেন, সরকারি কর্মচারীদের জন্য মামলা পরিচালনায় করণীয় বিষয়ক প্রশিক্ষণ এখন সময়ের দাবি। মামলার ক্ষেত্রে আমরা এখনও ভুল করি। ভুল করা অপরাধ নয়, তবে ভুল থেকে আমাদের শিখতে হবে।

দিনব্যাপী এ প্রশিক্ষণে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট বিষয়ে সেশন পরিচালনা করেন। রাজশাহী বিভাগের আট জেলার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর-সংস্থার কর্মকর্তারা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

.............................................................

রুহুল/তৌহিদ/আতিক/রাফিদ/হালিম/২০২৫/১৬:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd